নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, খুলনা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়, খুলনা
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
www.khulna.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭০০.০০০.০২১.৯৯.০০০৩.২৫-১৫৪৩

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে মসজিদ, মন্দির বা ধর্মীয় উপাসনালয়ে নির্বাচনি প্রচারণা না করা সংক্রান্ত।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর পত্র নং- ১) ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫.৩৬৮; তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫
২) ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫.৩৭০; তারিখ: ১১ ডিসেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ব্যালটের মাধ্যমে বিরতিহীনভাবে সকাল ৭.৩০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত গণভোট ও জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নের নিমিত্ত নির্বাচনি আচরণ বিধিমালা যথাযথভাবে প্রতিপালন হওয়া আবশ্যক।

২। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ :

**বিধি-১৫ (খ) : অনুসারে, "কোনো নিবন্ধিত রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোনো ব্যক্তি-"মসজিদ, মন্দির, প্যাগোডা, গির্জা বা অন্য কোনো ধর্মীয় উপাসনালয় এবং কোনো সরকারি অফিস বা শিক্ষা প্রতিষ্ঠানে কোনো প্রকার নির্বাচনি প্রচারণা চালাইতে পারিবেন না।"**

**বিধি ৭ (ঞ) : ব্যানার, লিফলেট বা হ্যান্ডবিল ও ফেস্টুন পলিথিনের আবরণ এবং প্লাস্টিক (pvc) ব্যানার ব্যবহার করা যাইবে না।**

**বিধি ১৫ (ক) : নির্বাচনি প্রচারণাকালে ব্যক্তিগত কুৎসা রটনা, অশালীন এবং আক্রমণাত্মক বা ব্যক্তিগত চরিত্র হনন করিয়া বক্তব্য প্রদান বা কোনো ধরনের তিক্ত বা উস্কানিমূলক বা মানহানিকর কিংবা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোনো বক্তব্য প্রদান করিতে পারিবেন না;**

**বিধি ১৮ : ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিনের ৩ (তিন) সপ্তাহ সময়ের পূর্বে কোনো প্রকার নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবেন না এবং ভোটগ্রহন শুরু হওয়ার পূর্ববর্তী ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্বে নির্বাচনি প্রচারণা সমাপ্ত করিবেন।**

**২৭ বিধি (ক) : অনুসারে কোনো প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোনো ব্যক্তি নির্বাচন পূর্ব সময়ে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অনধিক ৬ (ছয়) মাস কারাদন্ড অথবা অনধিক ১ (এক) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন।**

৩। এমতাবস্থায়, মসজিদ, মন্দির বা অন্য কোনো ধর্মীয় উপাসনালয়, সরকারি অফিস বা শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচনি প্রচারণামূলক কার্যক্রম যাতে অনুষ্ঠিত না হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হলো।

১৪/১২/২০২৫

আ. স. ম. জামশেদ খোন্দকার
জেলা প্রশাসক, খুলনা
ও
রিটার্নিং অফিসার
ফোন : ০২৪৭৭-৭২১১১১ (অফিস)
e-mail: dckhulna@mopa.gov.bd

বিতরণ:
১। পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন, খুলনা
২। পরিচালক
ইমাম পরিষদ, খুলনা
৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা
৪। আহবায়ক
পূজা উদ্‌যাপন পরিষদ, খুলনা

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭০০.০০০.০২১.৯৯.০০০৩.২৫-১৫৪৩

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা
৩। পুলিশ কমিশনার, খুলনা
৪। পুলিশ সুপার, খুলনা
৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল/ সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা
৬। পরিচালক, জেলা তথ্য অফিস/উপপ্রধান তথ্য অফিসার, পিআইডি, খুলনা
৭। জেলা আইসিটি অফিসার, খুলনা

১৪/১২/২০২৫

আ. স. ম. জামশেদ খোন্দকার
জেলা প্রশাসক, খুলনা
ও
রিটার্নিং অফিসার